দৈনিক ইত্তেফাক

তারিখ 27 FEB 2017
পৃষ্ঠা ৬

# শিক্ষার্থীদের সুশিক্ষায় শিক্ষিত হয়ে দেশের হাল ধরতে হবে

------ এমপি নিক্সন চৌধুরী

■ ভাঙ্গা (ফরিদপুর) সংবাদদাতা

প্রতিটি শিক্ষার্থীকেই মন দিয়ে লেখাপড়া করে সুশিক্ষায় শিক্ষিত হয়ে দেশের হাল ধরতে হবে। প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা শিক্ষা খাতকে অগ্রাধিকার দিয়ে শিক্ষার মান উন্নয়ন করেছেন। এখন দেশের প্রতিটি ঘরে শিক্ষার ব্যবস্থা চালু হয়েছে। দেশে শিক্ষার মান উন্নয়নের জন্য আজ পাসের হার বৃদ্ধি পেয়েছে। প্রতিটি স্কুলেই আজ শিক্ষার্থীরা আনন্দের সঙ্গে লেখাপড়া করছে।

রবিবার দুপুরে ফরিদপুরের ভাঙ্গা উপজেলার প্রাচীনতম বিদ্যাপিঠ সদরদী উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ফরিদপুর-৪ আসনের এমপি মুজিবর রহমান চৌধুরী নিক্সন এ কথাগুলো বলেন। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী দেশকে যেভাবে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন এর হাল একদিন এই শিক্ষার্থীদেরই ধরতে হবে। তোমরাই আগামী দিনে বাংলাদেশকে বিশ্ব দরবারে মাথা উঁচু করে বীরের জাতি হিসাবে পরিচয় করিয়ে দেবে।

বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি আলহাজ আবু জাফর মুন্সির সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে ছিলেন উপজেলা চেয়ারম্যান শাহাদাৎ হোসেন। এ ছাড়া বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মোস্তফা, ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি ডা. মামুনুর রসিদ, নাসিরাবাদ ইউনিয়নের চেয়ারম্যান লাবলু মিয়া, তুজারপুর ইউনিয়নের চেয়ারম্যান পরিমল দাস, আলগী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ম.ম. ছিদ্দিক প্রমুখ।